খুলনায় এক সাংবাদিকের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা

ফেসবুকে মানহানিকর পোস্ট দেওয়ার অভিযোগে ডিজিটাল নিরাপত্তা আইনের ২৯ ও ৩১ধারায় শাহীন রহমান (৪২) নামের এক সাংবাদিকের বিরুদ্ধে মামলা হয়েছে। শুক্রবার রাত ১১টার দিকে খুলনা প্রেসক্লাবের সভাপতি এস এম হাবিব বাদি হয়ে খুলনা সদর থানায় মামলাটি দায়ের করেন।

মামলায় অভিযুক্ত শাহীন রহমান খুলনা থানাধিন বাগমারা মেইন রোড এলাকার ২নং রোডের ৯৫নম্বর বাড়ির আব্দুর রহমান চৌধুরীর ছেলে।তিনি নিজেকে ‘প্রথম সময়’ নামে একটি অনলাইন নিউজ পোর্টালের সম্পাদক পরিচয় দিয়ে থাকেন।

মামলার সংক্ষিপ্ত বিবরণী থেকে জানা গেছে, শুক্রবার সকালে খুলনা প্রেসক্লাবের সভাপতি ও এটিএন বাংলার ব্যুরো প্রধান এস এম হাবিবের ছবিসহ তাকে নিয়ে শাহীন রহমান নিজের ফেসবুক পেইজে জায়গা- জমি সম্পর্কিত বিষয় নিয়ে আপত্তিকর একটি পোষ্ট দেন। তার ফেসবুকের ওই পোষ্ট দেখে অনেকে নানা ধরনের মন্তব্য করেন। অন্যান্য সাংবাদিকদের মুখে এসএম হাবিব তার বিরুদ্ধে শাহীন রহমানের ফেসবুকে ওই আপত্তিকর পোষ্টের বিষয়ে জানতে পারেন। পরবর্তিতে তিনি প্রেসক্লাবে এসে সেই পোষ্টটি মোবাইল ফোনের মাধ্যমে দেখতে পান। এরপর এ ঘটনায় তিনি নিজে বাদি হয়ে খুলনা থানায় ডিজিটাল নিরাপত্তা আইনের ২৯ ও ৩১ধারায় মামলা দায়ের করেছেন।

মামলায় আরও বলা হয়, শাহীন রহমান তার নিজস্ব ফেসবুকে খুলনার বিভিন্ন জনপ্রতিনিধি, ব্যবসায়ী ও সম্মানী ব্যক্তিদের নিয়ে তার নিজের ফেসবুকে নানা ধরনের আপত্তিকর পোষ্ট দিয়ে থাকে। সে সকল বিষয়ে নিয়েও প্রমানাদি পুলিশের কাছে জমা দেয়া হয়। মামলায় প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক সাহেব আলী, দৈনিক কালেকণ্ঠ পত্রিকার সাংবাদিক কৌশিক দে, ডিবিসি টেলিভিশনের খুলনা ব্যুরো প্রধান আমিরুল ইসলাম স্বাক্ষী হিসেবে রয়েছেন।

মামলার তদন্ত কর্মকর্তা এসআই সাইদুল জানান, ফেসবুকে কুৎসা রটানোর অভিযোগ শাহীন রহমান নামের একজনের বিরুদ্ধে মামলা হয়েছে।